দৈনিক ইনকিলাব

তারিখ 16 NOV 1993
পৃষ্ঠা ৮ কলাম ৭

৪

27

## উত্তরাঞ্চলে নাদীয়াতুল কোরআন শিক্ষা বোর্ড গঠন

# মাদ্রাসার শিক্ষক-শিক্ষিকারা উপেক্ষিত সরকারী পর্যায়ে প্রশিক্ষণে বঞ্চিত

ঠাকুরগাঁও, ১৫ নভেম্বর (জেলা সংবাদদাতা)।– বাংলাদেশের ইসলামী শিক্ষা ব্যবস্থা এখনো পর্যন্ত দারুণভাবে অবহেলিত। ১৯৯১ সাল হতে দেশে হাজার হাজার বেসরকারী প্রাথমিক বিদ্যালয় গজিয়ে উঠেছে। শিশু শিক্ষা কার্যক্রমে নিবেদিত এবতেদায়ী মাদ্রাসার কাছাকাছি যথেষ্ট বেসরকারী প্রাথমিক স্কুল প্রতিষ্ঠিত হয়েছে। প্রাথমিক বিদ্যালয়ের শিশুরা বিনামূল্যে বই পাচ্ছে।

শিক্ষক-শিক্ষিকাগণ নিয়মিতভাবে ৫শ' টাকা হারে মাসিক সম্মানী ভাতাও পাচ্ছেন। কিন্তু বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের জন্মের দু'যুগ আগে প্রতিষ্ঠিত এবতেদায়ী মাদ্রাসার ছাত্র-ছাত্রীরা কোনো বই এবং শিক্ষক-শিক্ষিকাগণ কোনো রকম সরকারী সম্মানী বা সাহায্য-সহযোগিতা পাচ্ছেন না।

অপরদিকে প্রাথমিক বিদ্যালয় হতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাগণের শিক্ষাদানের প্রশিক্ষণের সরকারী ব্যবস্থা রয়েছে। প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাদের পিটিআই এবং উচ্চ শ্রেণীর শিক্ষা কাজে নিয়োজিত শিক্ষক-শিক্ষিকাদের বিএড ও এমএড প্রশিক্ষণের ব্যবস্থা রয়েছে। অথচ ইসলামী শিক্ষার প্রাথমিক স্তর হতে সর্বোচ্চ ডিগ্রীর ছাত্র-ছাত্রীদের শিক্ষাদানে নিয়োজিত শিক্ষক-শিক্ষিকারা সকল প্রকার প্রশিক্ষণ হতে বঞ্চিত। এতে ইসলামী শিক্ষা গ্রহণকারী শিশু-কিশোররা পূর্ণ বিকাশের সুযোগ লাভেও বঞ্চিত হচ্ছে।

ইসলামী শিক্ষাদানে নিবেদিত শিক্ষক-শিক্ষিকাদের সরকারীভাবে শিক্ষা দেয়া হচ্ছে না। অভিজ্ঞ মহলের মতে এখাতে ইহুদী-খৃষ্টান মিশনারীরা কূট-কৌশলের মাধ্যমে কোনো আর্থিক সহযোগিতা দিচ্ছে না। এ প্রেক্ষাপটের প্রেক্ষিতে দেশের উলামায়ে কেরাম প্রাথমিক স্তরের শিক্ষা কাজে নিবেদিত শিক্ষক-শিক্ষিকাকে নিয়ে সম্প্রতি নাদীয়াতুল কোরআন শিক্ষা বোর্ড গঠন করে। এই বোর্ডের এ পর্যন্ত ২৬ হাজার শিক্ষককে শিক্ষা প্রদানের প্রশিক্ষণ দিয়েছে।

এ বছর সর্বপ্রথম দেশের উত্তরাঞ্চলের বৃহত্তর রংপুর ও দিনাজপুর জেলার ৪৫ জন শিক্ষক-শিক্ষিকাকে ঠাকুরগাঁও জামিয়া ইব্রাহীমিয়া কাওমী মাদ্রাসায় পক্ষকাল ব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণ পরিচালনা করেন নাদীয়াতুল কোরআন শিক্ষাবোর্ডের প্রবীণ প্রশিক্ষক মাওলানা আব্দুল মোমেন। প্রশিক্ষণের শেষের দিনে সনদপত্র বিতরণ করা হয়। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সাবেক জেলা শিক্ষা অফিসার ও ঠাকুরগাঁও সরকারী বালক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব রমজান আলী এবং প্রধান অতিথি ছিলেন ঠাকুরগাঁও পৌরসভা চেয়ারম্যান জনাব এস. এম. সোলায়মান আলী সরকার।